ঢাকাতে সাংবাদিকদের ওপর হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

রাজধানীর বাংলামোটরে দৈনিক জনবাণী পত্রিকার সম্পাদক ও প্রকাশক শফিকুল ইসলাম, ব্যবস্থাপনা সম্পাদক রাজু আহমেদ শাহ, বিশেষ প্রতিনিধি বশির হোসেন খান এবং অনলাইন মাল্টিমিডিয়া সম্পাদক আতাউর হোসেনের ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন করেছে সাংবাদিক সমাজ।

রবিবার সকাল ১১ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মেহেরপুরে কর্মরত সর্বস্তরের সাংবাদিকদের আয়োজনে ঘন্টা ব্যাপি এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

দৈনিক জনবানীর জেলা প্রতিনিধি রাশেদ খানের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন মেহেরপুর রিপোর্টাস ক্লাবের সভাপতি মাহাবুবুল হক পোলেন, সাধারণ সম্পাদক মিজানুর রহমান, সাংবাদিক রাশেদুজ্জামান, রাব্বি আহমেদ, সাজিবুল হক, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন দৈনিক পশ্চিমাঞ্চলের সদর উপজেলা প্রতিনিধি কামরুল হাসান, দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রতিনিধি আবু রায়হান (নিরব), সাকিব হাসান রুদ্রসহ অন্যান্যরা।

এ সময় বক্তরা বলেন রাজধানীর বাংলামোটরে দৈনিক জনবাণী পত্রিকার সম্পাদক ও প্রকাশক শফিকুল ইসলাম সহ পত্রিকাটির চার সাংবাদিকের উপর হামলার তীব্র নিন্দা জানিয়ে জড়িতদের গ্রেপ্তারও দুষ্টান্তমূলক শাস্তির দাবি তোলেন। হামলার সাথে জড়িতরা আটক না হলে মেহেরপুরের সর্বস্তরের সাংবাদিকরা মানববন্ধন ছাড়াও কঠোর কর্মসূচি দিতে বাধ্য থাকবে বলেও জানান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনী উপজেলা প্রেসক্লাবের নয়া কমিটি

গাংনী উপজেলা প্রেসক্লাবের ২০২৫-২০২৬ বছরের জন্য জুলফিকার আলী কানন বিনা প্রতিদ্বন্দ্বীতায় সভাপতি নির্বাচিত হয়েছেন। এছাড়া প্রেসক্লাবের সদস্যদের প্রত্যক্ষ ভোটে সাধারণ সস্পাদক নির্বাচিত হয়েছেন মিয়াদুল ইসলাম।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি যথাক্রমে মাসুদ পারভেজ ও লিটন মাহমুদ। যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম কবি, কোষাধ্যক্ষ- আসাদুল্লাহ আল গালিব, সাংগঠনিক সম্পাদক রহিদুল ইসলাম রাসেল, দপ্তর সম্পাদক এজাজ উদ্দিন ছোটন, প্রচার সম্পাদক রকিবুল ইসলাম রকি, নির্বাহী সদস্য এমএ লিংকন, এমএন পাভেল, আমিরুল ইসলাম অল্ডাম, সাহাজুল ইসলাম সাজু ও বদরুজ্জামান।

বছরের শুরুতেই ৬ জন নতুন সদস্যকে অন্তর্ভুক্ত করা হয়েছে এরা হলেন, আক্তারুজ্জামান, সাঈদ হাসান, হাসানুজ্জামান, তরিকুল ইসলাম, ফিরোজ আহমেদ পলাশ, মাহাবুল ইসলাম।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনে নানা আয়োজন

আলোচনা সভা, পিঠা উৎসব ও সম্মাননা স্মারক প্রদানের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রেসক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল সোমবার বিকালে মেহেরপুর জেলা প্রেসক্লাব কার্যালয়ে আনুষ্ঠানিক ভাবে ক্লাবটির ৮ম বর্ষে পদার্পণ উদযাপন করা হয়। এ সময়

ব্র্যাক মাইগ্রেশন অ্যাওয়ার্ড পেলেন সাংবাদিক রাশেদুজ্জামান, অনুসন্ধানীতে নাজমুল সাঈদ

৯ম মাইগ্রেশন মিডিয়া অ্যাওয়ার্ড এর টেলিভিশন নিউজ ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড পেলেন চ্যানেল 24 এর মেহেরপুরের স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও কুষ্টিয়ার ক্যামেরাপারসন এস আই সুমন।

আজ সকাল সাড়ে ১১ টার দিকে ডেইলিস্টার ভবনে এক অনাড়ম্বর আয়োজনের মধ্য দিয়ে এই অ্যায়ার্ড তুলে দেওয়া হয়। অ

ভিবাসন খাতে সাংবাদিকতায় অবদান রাখায় ব্র্যাক মাইগ্রেশন মিডিয়া এই অ্যাওয়ার্ডের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ছিলেন ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত এইস ই মাইকেল মিলার, বিশেষ অথিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম, ব্র্যাকের প্রধান নির্বাহী অসিফ সালেহ।

অবৈধপথে ইতালি যাওয়ার পথে লিবিয়ায় মাফিয়াদের হাতে বন্দি হচ্ছে বাংলাদেশী যুবক। বাংলাদেশ ও লিবিয়ান কিছু নাগরিক একটি মাফিয়া চক্র তৈরি করেছেন। তাদেরকে লিবিয়ায় আটকে রেখে নির্যাতন করে ভিডিও ধারন করা হয়। সেই ভিডিও পরিবারের সদস্যদের দেখিয়ে লাখ লাখ টাকা আদাঁয় করে চক্রটি। আর এই টাকা লেনদেন হয় দেশের বিভিন্ন জায়গার ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে। চক্রটি কাজ করছে সারাদেশ।

এ নিয়ে রাশেদুজ্জামানের দুই পর্বের ধারাহিক রিপোর্ট প্রচার করে চ্যানেল ২৪। ক্যামেরায় ছিলেন কুষ্টিয়ার ক্যামেরা পার্সন এস.আই সুমন।অভিবাসন খাতে সাংবাদিকদের অবদানকে স্বীকৃতি দিতে ২০১৫ সালে দেশে প্রথমবারের মতো প্রবর্তিত হয় ব্র্যাক মাইগ্রেশন মিডিয়া অ্যাওয়ার্ড। এ বছর নবমবারের মতো এই পুরস্কার দেওয়া হলো। অভিবাসন খাতে অবদান রাখাই দেশের ১৫ জন সাংবাদিককে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়।



[redacted]

[redacted]

[redacted]

[

সাইফুল বাহার স্বাধীন তার মায়ের হাসি ক্লিনিকের ম্যানেজার হিসাবে উক্ত ক্লিনিকের ফেসবুক আইডি দিয়ে মোত্তাকি বিল্লাহ শাফিন এর পোষ্টকৃত বাদীর মিথ্যা চাঁদা দাবির লিখিত অভিযোগ গত ইং ২৬/০৭/২০২৩ তারিখে প্রচার করে ভাইরাল করে। বিবাদী তৌহিদুল ইসলাম লিওন তাহার ফেসবুক আইডি থেকে মোত্তাকি বিল্লাহ শাফিন এর ফেসবুক পেজে কমেন্ট কেও বিবাদীর সম্পর্কে বাজে মন্তব্য করেন।

বিবাদী বাদীর বিরুদ্ধে মানহানিকর বক্তব্য অপপ্রচার কেও থেমে না থেকে সাংবাদিকতার পেশাকে কলুষিত ও মানহানি করিবার জন্য ইচ্ছাকৃত ভাবে ও পূর্বপরিকল্পিতভাবে বাদী ও বিবাদীর বাড়ী মেহেরপুরে হওয়া সত্বেও শুধুমাত্র হয়রানী করার উদ্দেশ্যে বাদীর বিরুদ্ধে ঢাকাতে মামলা দায়ের করেন। যাতে প্রায় এক বৎসরেরও অধীক সময় বাদী ঢাকাতে যাতায়াত ও মামলা পরিচালনায় আর্থিক, মানষিক ও শারিরীক ক্ষতির সম্মুখিন হন। বাদি আর্থিক ক্ষতির পাশাপাশি সুসাংবাদিকতা যাতে কেউ আঘাত করতে না পারে সে কারণে আদালতের শরনাপন্ন হয়ে আসামি বিরুদ্ধে ১৫ লাখ টাকা ক্ষতিপূরণের মামলা দায়ের করেন।

দামুড়হুদা প্রেসক্লাবে সময়ের সমীকরণ পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১০ম পদার্পন উপলক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবে পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার

অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, থানা বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া।

দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, সদস্য হাবিবুর রহমান হবি, খালেকুজ্জামান, হেলাল উদ্দিন, হাতেম আলি,সাফায়েতুল্লাহসহ প্রেসক্লাবের সদস্য বৃন্দ।

প্রধান অতিথি দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন, আমার সব থেকে ভালো লেগেছে দৈনিক সময়ের সমীকরণ এই নাম। আমি দেখেছি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মাঝে জীবনের ঝুঁকি নিয়ে সাংবাদিকরা ভিডিও ফুটেজ তৈরি করে সময়ের সমীকরণ পেজে আপলোড করেছে। এটাই সাহসিকতার পরিচয় সাংবাদিকদের। তখনই আমার বিশ্বাস জন্মেছে দৈনিক সময়ের সমীকরণ একটি ভালো পত্রিকা এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে এরা পিছুপা হয় না তাই সাহসিকতার সাথে এই পত্রিকার সংশ্লিষ্ট সকল সাংবাদিকবৃন্দ এগিয়ে যাবেন এই প্রত্যাশা। আমরা আছি আপনাদের সাথে সব সময়।

সাংবাদিক কল্যাণ ট্রাস্টে একাধিক পদে নিয়োগ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট। প্রতিষ্ঠানটির ৮টি পদে ১০ জনকে বিভিন্ন গ্রেডে নিয়োগে দেবে প্রতিষ্ঠানটি। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন আগামী ০১ ডিসেম্বর পর্যন্ত।

প্রতিষ্ঠানের নাম : বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট

চাকরির ধরন : বেসরকারি চাকরি পদসংখ্যা : ০৮টি

জনবল নিয়োগ : ১০ জন

আবেদন শুরুর তারিখ : ১৮ নভেম্বর ২০২৪

আবেদনের শেষ সময় : ০১ ডিসেম্বর ২০২৪

পদের নাম : উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

পদসংখ্যা: ০১টি

বেতন: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা (গ্রেড-৬)

শিক্ষাগত যোগ্যতা: ব্যবসায় শিক্ষা বা সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতকসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।

পদের নাম : সহকারী পরিচালক (প্রশাসন)

পদসংখ্যা: ০১টি

বেতন: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯)

শিক্ষাগত যোগ্যতা: ব্যবসায় শিক্ষা বা সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতকসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।

পদের নাম : আইসিটি অফিসার

পদসংখ্যা: ০১টি

বেতন: ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০)

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিতে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি।

পদের নাম : ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারী

পদসংখ্যা: ০১টি

বেতন: ১১,০০০-২৬,৫৯০ (গ্রেড-১৩)

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা সমমানের ডিগ্রি

পদের নাম : হিসাব রক্ষক

পদসংখ্যা: ০১টি

বেতন: ১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪)

শিক্ষাগত যোগ্যতা: বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি

পদের নাম : অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক

পদসংখ্যা: ০১টি

বেতন: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬)

শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

পদের নাম : গাড়িচালক

পদসংখ্যা: ০১টি

বেতন: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬)

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা যান চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স

পদের নাম : অফিস সহায়ক

পদসংখ্যা: ০২টি

বেতন: ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০)

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

যেভাবে আবেদন করবেন: আগ্রহীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন।

সূত্র: কালবেলা

ঝিনাইদহে বিএসসি’র আহ্বায়ককে সংবর্ধনা

ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের পক্ষ থেকে বাংলাদেশ সাংবাদিক কমিউনিটিকে (বিএসসি)’কে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট প্রদান করা হয়েছে। সংগঠনের পক্ষ থেকে আহ্বায়ক হিসেবে এম রায়হান এই ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট গ্রহণ করেন। গতকাল সোমবার রাতে শহরের রুফ রয়েল হোটেলে এই সংবর্ধনা প্রদান করেন।

সেসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি আরটিভি’র জেলা প্রতিনিধি শিপলু জামান, সাধারণ সম্পাদক ৭১ টেলিভিশনের জেলা প্রতিনিধি রাজিব হাসান, সংগঠনের উপদেষ্টা এটিএন বাংলার জেলা প্রতিনিধি নিজাম জোয়ারদার বাবলু, চ্যানেল আই’র জেলা প্রতিনিধি শেখ সেলিম, এসএ টিভি’র জেলা প্রতিনিধি ও সংগঠনের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, এশিয়ান টিভি’র জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি, মোহানা টিভি’র জেলা প্রতিনিধি সোহেল আহমেদ, বৈশাখী টেলিভিশনের জেলা প্রতিনিধি রফিকুল ইসলাম মন্টু, বিজয় টিভি’র জেলা প্রতিনিধি জহুরুল ইসলাম হিরো, সময় টিভি’র স্টাফ রিপোর্টার লোটাস রহমান সোহাগ, চ্যানেল টোয়েন্টিফোর’র জেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন, গাজী টিভি’র জেলা প্রতিনিধি ওলিয়ার রহমান, ডিবিসি’র শাহরিয়ার রহমান রকি, নিউজ টোয়েন্টিফোর জেলা প্রতিনিধি শেখ রুহুল আমিন, আনন্দ টিভি’র জেলা প্রতিনিধি মাজেদ রেজা বাঁধন, গ্লোবাল টিভি’র জেলা প্রতিনিধি মেহেদি হাসান জিকু, নাগরিক টিভি’র জেলা প্রতিনিধি মিশন আলী, আপ্যায়নের দায়িত্বে ছিলেন সংগঠনের সচিব সাংবাদিক বসির আহাম্মেদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চ্যানেল টোয়েন্টিফোর’র জেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন।

টেলিভিশন সাংবাদিক ফোরামের নেতৃবৃন্দকে বাংলাদেশ সাংবাদিক

কমিউনিটি (বিএসসি)’র পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

জীবননগরে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৯ম প্রতিষ্ঠাবাষিকী পালিত

সততায় আমাদের শক্তি এই স্লোগানকে সামনে রেখে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১০ম বছর পদার্পণ উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল সাড়ে ১০টার সময় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর অফিসের আয়োজনে জীবননগর প্রেস ক্লাবে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১০ম বছর পদার্পণ উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার জীবননগর ব্যুরো জাহিদ বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ মামুন হোসেন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার ওসি তদন্ত মোঃ সাইদুর রহমান, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, সাধারণ সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্চল, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি মোঃ আতিয়ার রহমান, সাংবাদিক নারায়ণ ভৌমিক, নুর আলম, মাজেদুর রহমান লিটন, চাষি রমজান, মাসুম, দাউদ হোসেন, রকি, রমজান হোসেন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ফৈরদৌস ওয়াহিদ, রিপন হোসেন, জাহিদুল ইসলাম মামুন, আঃ রহিম, আবু সাঈদ প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার সহকারী ব্যুরো প্রধান মিঠুন মাহমুদ।